

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প-১
(চট্টগ্রাম-ঢাকা-আশুগঞ্জ করিডোর)



পরিবেশগত এবং সামাজিক দিক নিরূপন
কার্যনির্বাহী সংক্ষিপ্ত বিবরণ



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

জানুয়ারি ২০১৬

| | |
|--|----|
| আদ্যক্ষরসূচ্য এবং সংক্ষিপ্ত নামের তালিকা : | ৪ |
| ১. ভূমিকা..... | ৬ |
| ২. পটভূমি : | ৭ |
| ২.১ প্রস্তাবিত প্রকল্প | ৮ |
| ২.২ পরিবেশগত ও সামাজিক নির্ধারণ..... | ৯ |
| ৩. নীতি, আইন এবং প্রশাসনিক কাঠামো | ১১ |
| ৩.১ বাংলাদেশে প্রযোজ্য আইন ও নীতিমালা | ১১ |
| ৩.২ পরিবেশ সংক্রান্ত প্রক্রিয়া | ১৩ |
| ৩.৩ বিশ্বব্যাংকের রক্ষাকবচ নীতিসমূহ | ১৪ |
| ৩.৪ বাংলাদেশের আইন এবং বিশ্বব্যাংকের নীতিমালা প্রতিপালন পর্যায় | ১৫ |
| ৪. প্রকল্পের বিবরণ | ১৭ |
| ৪.১ প্রকল্পের উদ্দেশ্য..... | ১৭ |
| ৪.২ নির্মাণ উপাদান ও উৎস | ২০ |
| ৪.৩ নির্মাণ বাস্তবায়ন সময়সূচী:..... | ২০ |
| ৪.৪ প্রকল্প খরচ | ২১ |
| ৫. প্রকল্প বিকল্প | ২২ |
| ৫.১ প্রকল্প বিহীন অবস্থায় | ২২ |
| ৫.২ অভ্যন্তরীণ নৌ-পরিবহন ব্যবস্থার বিকল্প | ২২ |
| ৫.৩ নাব্যতা রুট রক্ষণাবেক্ষণ করার বিকল্প উপায়..... | ২২ |
| ৫.৪ ড্রেজিং বা খনন কার্যের বিকল্প পদ্ধতি | ২৩ |
| ৫.৫ খননকৃত সামগ্রী ব্যবস্থাপনার বিকল্প | ২৩ |
| ৫.৬ বিকল্প চুক্তির উপস্থাপনা..... | ২৩ |
| ৫.৭ বিকল্প অবস্থান এবং টার্মিনাল ও ল্যান্ডিং স্টেশনের নকশার দিকসমূহ..... | ২৩ |
| ৬. পরিবেশের বিবরণ | ২৪ |
| ৬.১ ভৌতিক পরিবেশ | ২৪ |
| ৬.২ রাসায়নিক পরিবেশ..... | ২৫ |
| ৬.৩ জৈবিক পরিবেশ | ২৬ |
| ৬.৪ আর্থ-সামাজিক ভিত্তিরেখা..... | ২৮ |
| ৭. জলবায়ু পরিবর্তন বিবেচনা ও মূল্যায়ন..... | ৩০ |
| ৮. সম্ভাব্য প্রভাব এবং উপশম পদক্ষেপ | ৩২ |
| ৮.১ সাধারণ | ৩২ |
| ৮.২ প্রভাব নির্ধারণ পদ্ধতি | ৩২ |
| ৮.৩ নির্ধারিত প্রভাবের সংক্ষিপ্ত বিবরণ..... | ৩৩ |

| | | |
|------|---|----|
| ৮.৪ | খনন কার্য এবং অন্যান্য নির্মাণ কার্যক্রম থেকে পরিবেশগত প্রভাব..... | ৩৪ |
| ৮.৫. | খনন ও নির্মাণ কার্যক্রম থেকে সামাজ্যের উপর প্রভাবঃ..... | ৩৬ |
| ৮.৬ | কার্যক্রম ও রক্ষণাবেক্ষণের সময় আইডব্লিউটি ও নদী টার্মিনালের প্রভাব:..... | ৩৭ |
| ৯. | ক্রমবর্ধমান এবং প্রবর্তিত প্রভাবের মূল্যায়ন..... | ৩৯ |
| ৯.১ | উদ্দেশ্য..... | ৩৯ |
| ৯.২ | প্রস্তাবিত প্রকল্প প্রসঙ্গে সিআইআইএ..... | ৩৯ |
| ৯.৩ | জলজ জীব বৈচিত্র্য..... | ৩৯ |
| ৯.৪ | ডলফিন..... | ৩৯ |
| ৯.৫ | ইলিশ..... | ৪০ |
| ৯.৬ | উপশম পদক্ষেপ..... | ৪০ |
| ১০. | পরিবেশ ব্যবস্থাপনার পরিকল্পনা..... | ৪১ |
| ১০.১ | সাধারণ প্রশমন ব্যবস্থার বিভিন্ন শ্রেণী :..... | ৪১ |
| ১০.২ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা..... | ৪১ |
| ১০.৩ | পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা..... | ৪২ |
| ১০.৪ | পরিবীক্ষণ পরিকল্পনা:..... | ৪৫ |
| ১০.৫ | পরিবেশগত ও সামাজিক প্রশিক্ষণ..... | ৪৫ |
| ১০.৬ | বাহ্যিক মনিটরিং বা পরিবীক্ষণ..... | ৪৫ |
| ১০.৭ | ক্ষতি প্রতিকার কলাকৌশল..... | ৪৫ |
| ১০.৮ | প্রতিবেদন তৈরী..... | ৪৫ |
| ১০.৯ | ইএমপি খরচ :..... | ৪৫ |
| ১১. | সুবিধাভোগীগণের পরামর্শ ও প্রকাশ..... | ৪৭ |
| ১১.১ | সংক্ষিপ্ত বিবরণ..... | ৪৭ |
| ১১.৩ | প্রকাশ..... | ৪৯ |

সারণী ও সংখ্যা রাশির তালিকা

সারণী-১ : বাংলাদেশে নদী রুটের আইডব্লিউটি শ্রেণীবিন্যাস

সারণী-২: বাংলাদেশ সরকারের আইন ও বিশ্বব্যাংকের রক্ষাকবচ নীতিমালাসহ প্রকল্প প্রতিপালন

সারণী-৩: উপাদান ১ আইডব্লিউটি রুট অবস্থান ও প্রাক্কলিত ড্রেজিং

সারণী-৪: সরঞ্জাম ১ জাহাজ আশয়ের অবস্থান

সারণী-৫: সরঞ্জাম ২ নদী টার্মিনাল ও ল্যান্ডিং স্টেশনের অবস্থান

সারণী-৬: প্রকল্প-১ এর ব্যয় প্রকল্পন

সারণী-৭: প্রভাব মানদন্ডের তাৎপর্য

সারণী-৮ সম্ভাব্য প্রভাব ও তাদের তাৎপর্য

সারণী-৯ কার্যকর মনিটরিং পরিকল্পনা

সারণী-১০: পরিবেশগত ব্যবস্থাপনা ও প্রকল্প দেখাশুনার খরচ প্রাক্কলন

সারণী-১১: বিভিন্ন পরামর্শ সভায় ব্যক্তির সংখ্যা

সারণী-১২: বিবেচ্য বিষয় সম্বন্ধে পরিকল্পনা ও উত্থাপিত গুরুত্বপূর্ণ সমস্যা

চিত্র ১ : প্রকল্প হস্তক্ষেপের অবস্থান

চিত্র ২ : সরকার কর্তৃক ইলিশ না ধরার ঘোষণা

চিত্র ৩ : প্রকল্প বাস্তবায়নে প্রস্তাবিত প্রাতিষ্ঠানিক কাঠামো

আদ্যক্ষরসূচী এবং সংক্ষিপ্ত নামের তালিকা :

| | |
|---------------|---|
| বিডিএল | নিম্ন নির্ধারনযোগ্য সীমা |
| বিডিটি | বাংলাদেশ টাকা |
| বিআইডব্লিউটিএ | বাংলাদেশ আভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| বিওডি | জৈব অক্সিজেন চাহিদা |
| বিএলপিএ | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ |
| বিপি | সেরা অনুশীলন |
| সিএনজি | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস |
| ডিইপিটিসি | ডেক ও ইঞ্জিন কর্মচারীদের প্রশিক্ষণ সেন্টার |
| ডিও | দ্রবনীভূত অক্সিজেন |
| ডিওই | পরিবেশ অধিদপ্তর |
| ডিওএফ | মৎস্য অধিদপ্তর |
| ডিএসসি | ড্রেজিং সুপারভিশন কনসালটেন্ট ইএ পরিবেশগত নির্ধারণ |
| ইসিএ | পরিবেশ সংরক্ষণ আইন অনুযায়ী পরিবেশগতভাবে সংকটাপন্ন এলাকা |
| ইসিসি | পরিবেশগত ছাড়পত্র |
| ইসিওপি | পরিবেশগত ব্যবহার বিধি |
| ইসিআর | পরিবেশ সংরক্ষণ বিধিমালা |
| ইএইচএস | পরিবেগত স্বাস্থ্য ও নিরাপত্তা |
| ইআইএ | পরিবেশগত প্রভাব নির্ধারণ ও মূল্যায়ন |
| ইএমএফ | পরিবেশগত ব্যবস্থাপনা কাঠামো |
| ইএমপি | পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা |
| ইএসএ | পরিবেশগত ও সামাজিক মূল্যায়ন ও নির্ধারণ |
| ইএসআইএ | পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়ন ও নির্ধারণ |
| ই ও এস | পরিবেশগত ও সামাজিক |
| জিওবি | বাংলাদেশ সরকার |
| জিআরএম | ক্ষতি প্রতিকার কলাকৌশল |
| এইবএইচ | পরিবার |
| আইইই | প্রাথমিক পরিবেশগত পরীক্ষা |
| আইইউসিএন | ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নোচার |
| আইডব্লিউএম | ইনিষ্টিটিউট অব ওয়াটার মডেলিং |
| আইডব্লিউ | অভ্যন্তরীণ নৌ-পরিবহন |
| এমইএফ | পরিবেশ ও বন মন্ত্রণালয় |
| এমএআরপিওএল | জাহাজ থেকে দূষণ প্রতিরোধে আন্তর্জাতিক সম্মেলন |
| এমজি/এল | লিটার প্রতি মিলিগ্রাম |
| এমওএস | নৌ-পরিবহন মন্ত্রণালয় |
| এনজিও | বেসরকারী প্রতিষ্ঠান |
| এনএলটিএ | নন-লেভিং কারিগরি সহযোগিতা |
| ওপি | পরিচলন নীতিমালা |
| ওএসপিএআর | ওসলো /প্যারিস সম্মেলন (উত্তর-পূর্ব আটলান্টিক নৌ-পরিবেশ সুরক্ষা) |
| পিসিআর | ভৌতিক সাংস্কৃতিক সম্পদসমূহ |
| পি.এম | নির্দিষ্ট বিষয় |
| পিআইইউ | প্রকল্প বাস্তবায়ন ইউনিট |

| | |
|------------|------------------------------------|
| আরএপি | পূর্নবাসন কর্মপরিকল্পনা |
| আরপিএফ | পূর্নবাসন কাঠামোর কর্মপছা |
| টি | ম্যাট্রিক টন অথবা টন |
| টিসিএএফ | পরিবর্তনমূলক কার্বন সম্পদের সুবিধা |
| টিডিএস | মোট দ্রবীভূত দ্রবন |
| ইউএসডি | ইউএস ডলার |
| ভিইসি | ধারণ্যকৃত পরিবেশগত উপাদান |
| বিওসি | উদ্বায়ী জৈবি যৌগ |
| ডব্লিউবি | বিশ্বব্যাংক |
| ডব্লিউবিজি | বিশ্বব্যাংক গ্রুপ |

১. ভূমিকা

তিনটি বড় উপাদানের সমন্বয়ে গঠিত অভ্যন্তরীণ নৌ-পরিবহন খাত এবং ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা আশুগঞ্জ নদী করিডোর উন্নয়ন করতে বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প-১ শিরোনামে প্রস্তাবিত প্রকল্প গ্রহণ করা হয়েছে। উপাদান-১ এর মাধ্যমে জাহাজের ছয়টি বাড়কালীন আশ্রয়কেন্দ্র উন্নয়ন ও নির্মাণ এবং সাত বছর মেয়াদে চুক্তির কার্যাদি সম্পাদনের মাধ্যমে প্রকল্প এলাকায় নদী করিডোর এবং ফেরি পথ ড্রেজিং (খনন) এবং রক্ষণাবেক্ষণকে অন্তর্ভুক্ত করবে। উপাদান-২ যা নদী করিডোরসহ চৌদ্দটি লঞ্চ ঘাট স্টেশন উন্নয়ন / পুনর্বাসন এবং ছয়টি দ্বীপ নদী বন্দর (টার্মিনাল) এর নির্মাণকে অন্তর্ভুক্ত করে। উপাদান-৩ যা বিদ্যমান প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও ক্ষুদ্র পরিধির পরীক্ষামূলক নদী প্রশিক্ষণ কাজ পুনস্থাপনের জন্য পূর্ত কর্মসহ প্রাতিষ্ঠানিক সামর্থ্য উন্নয়ন পদক্ষেপকে অন্তর্ভুক্ত করে। উপাদান-১ এর জন্য একটি উপলদ্ধিমূলক পরিবেশগত এবং সামাজিক প্রভাব নির্ধারণ (ইএসআইএ) প্রস্তুত ও প্রণয়ন করা হয়েছে ; এবং একটি পরিবেশগত ব্যবস্থাপনা কাঠামো (ইএম এফ) এবং পুননিষ্পত্তিমূলক নীতি কাঠামো (আরপিএফ) ২ ও ৩ উপাদান কাজের জন্য প্রণয়ন করা হয়েছে। ইএসআইএ, ইএমএফ ও আরপিএফ কাগজপত্র বা ডকুমেন্টে বর্ণিত সার্বিক প্রকল্পের সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক প্রভাবের সংক্ষিপ্ত বিবরণী অত্র কার্যনির্বাহী সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হচ্ছে। প্রকল্পের পরিবেশগত ও সামাজিক সুবিধা বৃদ্ধি করতে এবং সম্ভাব্য প্রভাবসমূহকে সম্বোধন করতে প্রাসঙ্গিক পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনায় নিরসন পদক্ষেপসমূহ বর্ণনা ও অন্তর্ভুক্ত করা হলো।

এই প্রতিবেদনটি নিম্নলিখিত তিনটি খন্ডের মাধ্যমে সাজানো হয়েছেঃ

- খন্ড 'ক' - প্রকল্পের বিবরণ
- খন্ড 'খ' - পরিবেশগত মূল্যায়ন এবং প্রশমন পরিকল্পনা
- খন্ড 'গ' - সামাজিক মূল্যায়ন এবং প্রশমন পরিকল্পনা
- পরিশিষ্ট-১ - সামাজিক প্রভাব নিরূপনের বিস্তারিত বিবরণ এবং পুনর্বাসন কাঠামোর কর্মপন্থা

খন্ড 'ক' - প্রকল্পের বিবরণ

২. পটভূমি :

বাংলাদেশে অভ্যন্তরীণ নৌ-পরিবহন সেক্টর: বাংলাদেশের একটি বড় ও প্রানবন্ত অভ্যন্তরীণ নৌ-পরিবহন সেক্টর রয়েছে। মোটের উপর বাংলাদেশে সকল মালবাহী যানবাহনের ৫০% এবং এক-চতুর্থাংশ যাত্রাবাহী যানবাহন উক্ত নদীপথে চলাচল করে। দেশের বর্তমানে বিভিন্ন দূরবর্তী স্থানে বা অংশে যোগাযোগের ক্ষেত্রে দেশের সামাজিক ও ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নে অভ্যন্তরীণ নৌ-পরিবহন ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা করছে। বিশেষ করে বর্ষার মত গুরুত্বপূর্ণ মৌসুমে পরিবহনের অন্য ধারার সৃষ্টি করে। তাছাড়া আমদানী ও রপ্তানী মালামাল পরিবহনের ক্ষেত্রে নৌ-পরিবহন একটি নির্ভরযোগ্য উপায়। বাংলাদেশের নদী পথের দীর্ঘ আনুমানিক ২৪০০০ কি.মি., এর মধ্যে বর্তমানে বর্ষা মৌসুমে আনুমানিক ৫,৯২৩ কি.মি নাব্যযোগ্য থাকে, যা অক্টোবর থেকে মে পর্যন্ত শুষ্ক মৌসুমে প্রায় ৩৮৬৫ কি.মি পর্যন্ত সঙ্কুচিত হয়। সর্বোচ্চ গভীরতা সীমা অনুসারে নদীসমূহকে মূলত নিম্নোক্ত শ্রেণীতে (সারণী-১) বিভক্ত করা হয়েছে - যে সর্বোচ্চ গভীরতায় কোন জাহাজ নদীর নির্দিষ্ট স্থানে চলাচল করতে পারে। চট্টগ্রাম ও মংলা থেকে ঢাকা এবং নারায়নগঞ্জ দেশের প্রধান সমুদ্র বন্দর সমূহের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে ক্লাস ওয়ান রুটসমূহ, বাড়তি হিসেবে সুরমা-মেঘনা নদী ব্যবস্থায় আশুগঞ্জ। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর নদীপথ প্রধানত ঢাকা কাছে ও আশুগঞ্জের উত্তরে অবস্থিত।

সারণী ১: বাংলাদেশের নৌ-পরিবহন উপযোগী নদীপথসমূহের সমূহের শ্রেণীবিন্যাস

| শ্রেণী | জাহাজ চলাচলের জন্য সর্বোচ্চ গভীরতা (ও ন্যূনতম প্রকাশিত নদী গভীরতা) | ন্যূনতম নালা পথের প্রশস্ত | ন্যূনতম উল্লম্ব জাহাজের জায়গা খালি | নদীর দৈর্ঘ্য | মোট % নৌপথ কি.মি. |
|--------|--|---------------------------|-------------------------------------|--------------|-------------------|
| ১ | ৬.৬৫ মিঃ (৩.৯৬ মিঃ) | ৭৬.২২ মিঃ | ১৮.৩০ মিঃ | ৬৮৩ কি.মি. | ১১% |
| ২ | ২.১৩ মিঃ (২.৪৩ মিঃ) | ৭৬.২২ মিঃ | ১২.২০ মিঃ | ১,০০০ কি.মি. | ১৭% |
| ৩ | ১.৫২ মিঃ (১.৮২ মিঃ) | ৩০.৪৬ মিঃ | ৭.৬২ মিঃ | ১,৮৮৬ কি.মি. | ৩২% |
| ৪ | ১.৫২ মিঃ এর কম | ২০.০০ মিঃ | ৫.০০ মিঃ | ২৪০০ কি.মি. | ৪০% |

বাংলাদেশে নদীসমূহের নাব্যতা উন্নয়ন প্রয়োজনীয়তাঃ বাংলাদেশ প্রধানত বেঙ্গল বেসিনে প্রবাহিত ব-দ্বীপ। গঙ্গা, ব্রাহ্মপুত্র এবং মেঘনা নদী ব্যবস্থার দ্বারা গঠিত বিশ্বের একটি বড় ব-দ্বীপ। নদীসমূহের ব্রেইডেড প্রকৃতি দ্বারা নাব্যতাকে জটিল করা হয়েছে যা অনেক বেশি পলির সমন্বয়ে আবৃত এবং অতিরিক্ত পলি বাহিত হওয়ার কারণে এ ধরনের জটিলতা সৃষ্টি হয়েছে। দ্রুত আকার-আকৃতির (সীমানা ও প্রণালী) পরিবর্তনসহ এ সমস্যাটি নদীগুলোতে বন্যা সৃষ্টি করে থাকে। বাংলাদেশে নদী ব্যবস্থায় দেখা যাচ্ছে বর্ষা মৌসুমে প্রচুর পরিমাণে পানি এবং শুকনো (ডিসেম্বর থেকে মে) মৌসুমে নদীবক্ষে পানি থাকে না। শুকনো মৌসুমে নাব্যতা অত্যন্ত জটিল হয়, অনেক নদীতে ফেরি পারাপার হতে পারছে না। অভ্যন্তরীণ নৌ-পরিবহন সমস্যাকে আরও জটিল করেছে নৌযান সমূহের আকার বৃদ্ধি যার সাথে যোগ হয়েছে ৩০০০ টন ওজনের বৃহদাকার নৌযান সমূহ, যখনে মূলত ক্লাস-১ নদী পথে শুকনো ও লিকুইড বাল্ক শিপকে অন্তর্ভুক্ত করা হয়। তাছাড়া অভ্যন্তরীণ নদীপথে নৌবহর বা জাহাজের পরিমাণ বাড়ছে এবং বর্তমানে নিবন্ধিত জাহানের পরিমাণ ২২,৩০০ যার ৫০% মালাবাহী পরিবহন এবং এক-চতুর্থাংশ যাত্রী বাহী পরিবহন কাজে নিয়োজিত। তাছাড়া ৭৫০০০০ প্রচলিত দেশীয় নৌকা, একটি বড় অংশকে যন্ত্রচালিত (ট্রলার) করা হয়েছে। যাহার আনুমানিক ৬৫% নৌকা হচ্ছে যাত্রীবাহী যেগুলো প্রধানত গ্রামীণ জনগোষ্ঠীর চাহিদা পূরণের কাজে নিয়োজিত এবং সেগুলোর বেশিরভাগই নদী পরিবহনে ব্যবহৃত হয়।

ঢাকা-চট্টগ্রাম-আশুগঞ্জ আইডল্লিউটি করিডোর উন্নয়নের প্রয়োজনীয়তাঃ সরকার ৬৫টি প্রধান নদীর নৌ-পথ চিহ্নিত করেছে যা বাংলাদেশে যাত্রী ও মালামাল পরিবহনে আবশ্যিক। এদের মধ্যে ঢাকা ও চট্টগ্রাম এবং ঢাকা ও আশুগঞ্জ নদী করিডোর (নারায়নগঞ্জ ও বরিশাল-এর বর্ধিতাংশ) দেশীয় ব্যবসা বাণিজ্য এবং ভারতের সাথে দ্বিপাক্ষিক ব্যবসা-বাণিজ্যের সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার রুট বা জলপথ হিসেবে সনাক্ত ও চিহ্নিত করা হয়েছে। দেশের প্রায় ৮০% অভ্যন্তরীণ নৌযান এসব করিডোরের মধ্য দিয়ে চলাচল করে এবং প্রায় দৈনিক ২০০০০০ যাত্রী এসব জলপথ ব্যবহার করে। যাত্রী ও মালামাল পরিবহন করার ক্ষেত্রে ঢাকা, নারায়নগঞ্জ, চাঁদপুর এবং বরিশাল অভ্যন্তরীণ নদী টার্মিনালসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। খাদ্য শস্য, সার এবং নিত্যব্যবহার্য দ্রব্যাদি হচ্ছে প্রধান পনদ্রব্য যা মালবাহী জাহাজ এবং মালবাহী জাহাজ

কাম যাত্রী বাহী লঞ্চসমূহের মাধ্যমে পরিবহন করা হয়। আশুগঞ্জে কার্গো টার্মিনাল হচ্ছে বাংলাদেশ এবং ভারত বাণিজ্যের প্রধান টার্মিনাল এবং ভারতের উত্তর পূর্বাংশের রাজ্যসমূহের সাথে সড়ক পথের মাধ্যমে সংযুক্ত রয়েছে।

আমদানীমুখী মালাবাহী ভারী পরিবহন এবং ব্যাপকতার দিক বিবেচনায়, অধিকাংশ নৌযান প্রাথমিকভাবে চট্টগ্রাম, নারায়নগঞ্জ এবং ঢাকার মধ্যে ক্লাস-১ নদীপথে চলাচল করে, মালবাহী হচ্ছে মূলত: ড্রাইবাল্ক (ক্রিন্কার, সার, খাদ্য শস্য, কয়লা, লবন, জীপসাম এবং ছাই); লিকুড বাল্কসু (পেট্রোলিয়াম দ্রব্য বা পন্য); এবং সাধারণ ড্রাই কার্গো (ব্যাগ বস্ত, তলপীতলপা, যন্ত্রপাতি এবং স্টীল)। প্রধান ড্রাই এবং লিকুইড বাল্কসমূহ প্রকার-ভেদে প্রাইভেট ঘাট, জেটি অথবা টার্মিনালে অফলোড থাকে, যেগুলোর অধিকাংশ বাল্ক পরিচালনার সরঞ্জাম সমন্বয়ে সজ্জিত থাকে। ম্যানুয়াল লেবার দ্বারা নদীর তীরে প্রত্যক্ষভাবে অথবা সীমিত সংখ্যক সাধারণ ব্যবহারকারীর সুবিধায় কিছু ব্রেক বাল্ক ও অন্যান্য বেশি ছোট সাধারণ মালবাহী কাগসমূহ পরিচালনা করা হয়। বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রটোকল রুটে কিছু পারাপার-সীমান্ত যানবাহন থাকবে, তাছাড়া বাংলাদেশে মোট আইডল্লিউটি জলপথে পন্য পরিবহনের কেবলমাত্র ৩% হিসাব করে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ খুব কম। অধিকাংশ ফ্লাই অ্যাশ বা ছাঁই (এবং কিছু গম) বাংলাদেশের নিবন্ধিত জাহাজে ভারত থেকে নিয়ে আসা হয় বা সংগ্রহ করা হয়। প্রটোকল রুটটির পানিপথসহ প্রত্যাশিত গভীরতার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ আদর্শগতভাবে বাণিজ্য বৃদ্ধিতে উৎসাহিত করবে।

অভ্যন্তরীণ নদীবন্দর ও ল্যান্ডিং স্টেশন উন্নয়ন প্রয়োজনীয়তাঃ যাত্রী ও মালামাল পরিবহনে ঢাকা, নারায়নগঞ্জ, চাঁদপুর এবং বরিশালের অভ্যন্তরীণ নদী টার্মিনাল প্রকল্প রুটসমূহে গুরুত্ব ভূমিকা পালন করে। প্রায় ৫৩ মিলিয়ন টন মালবাহী এবং ২২ মিলিয়ন যাত্রী বাহী (২০১৩-২০১৪) চারটি নদীবন্দরে রয়েছে। ক্রমবর্ধমান চাহিদা পূরণে এ চারটি বন্দর বা বন্দরসমূহ যথেষ্ট নয়, এতে যথেষ্ট পরিমাণ অবস্থানের জায়গা, পার্কিং এবং আশে পাশের এলাকা এবং যাত্রীদের আরাম ও বিশ্রামের জায়গা অভাব রয়েছে। এ সব বন্দর এলাকা অত্যন্ত ঘনবসতিপূর্ণ, যানযাজট বহুল। বন্দর সুবিধা বাড়ানো, বাণিজ্যিক ও আবাসিক সুবিধা, যাত্রীদের থাকা খাওয়া, আবাসিক সুবিধা, বন্দর এলাকায় যানবাহন সুবিধা যানবাহন অত্যন্ত দরকার। বাংলাদেশ সরকার বুড়িগঙ্গা নদীর তীরে শন্মানঘাট (২.৫ কি.মি. ভাটি এলাকা) এলাকায় একটি নতুন যাত্রী টার্মিনাল তৈরী করে ঢাকা সদরঘাট টার্মিনালের সুবিধাসমূহ বাড়ানোর পরিকল্পনা করছে, সেইসাথে পানগাঁও টার্মিনালের উন্নয়ন এবং আশুগঞ্জ, নারায়নগঞ্জ, চাঁদপুর এবং বরিশাল নদী টার্মিনালসমূহের বিদ্যমান সুবিধা বৃদ্ধির উদ্যোগ নিয়েছে।

নদী টার্মিনাল ছাড়াও প্রকল্প করিডোর বরাবর বেশ কিছু ল্যান্ডিং স্টেশন যা গ্রামীন ও দূরবর্তী এলাকায় জনগনের বসবাসের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ল্যান্ডিং স্টেশনসমূহ (লঞ্চঘাট হিসেবে পরিচিত) হচ্ছে স্থানীয় জনগোষ্ঠীর নৌযান সুবিধা প্রদানের জন্য বেশি গুরুত্বপূর্ণ নোঙ্গরস্থান বা জাহাজ ভিড়িবার স্থান, যথাযথ কাঠামোগত সমস্যা এবং অন্যান্য আবশ্যিকীয় সুবিধা যেমন-টয়লেট এবং পানীয় পানি, ব্যবহারকারীদের মৌলিক নিরাপত্তা সুবিধার ঘাটতি থাকা সত্ত্বেও অবকাঠামোসমূহ সেবা দিচ্ছে এবং অনেকে অত্যন্ত জীর্ণ অবস্থায় রয়েছে।

২.১ প্রস্তাবিত প্রকল্প

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের মাধ্যমে বাংলাদেশ সরকার এর নৌ-পরিবহন মন্ত্রণালয় সংশ্লিষ্ট অবকাঠামোসহ আইডল্লিউটি খাতের উন্নয়নে প্রকল্প তৈরী ও প্রস্তুত করেছে। বিআইডল্লিউটিএ প্রকল্পের অর্থায়নের জন্য বিশ্বব্যাংকে উপস্থাপন করেছে।

অবস্থান : প্রকল্প এলাকার উন্নয়ন কার্যক্রম সমূহের অবস্থান চিত্র ১ দেখানো হয়।

প্রস্তাবিত কাজ : প্রস্তাবিত প্রকল্পের গুরুত্বপূর্ণ সিভিল বা পূর্তকর্মসমূহ নিম্নরূপ :

- উপাদান-১
- ঢাকা ও চট্টগ্রাম করিডোরের আশুগঞ্জ, নারায়নগঞ্জ ও বরিশালের মূল নদী ও শাখাসমূহ ড্রেজিং / নদী রক্ষণাবেক্ষণ নব্যতা সংরক্ষণ;
- উপরোক্ত রুট বরাবর ছয়টি জাহাজের বাড় আশ্রয়স্থল নির্মাণ ও রক্ষণাবেক্ষণ; এবং
- প্রধান নদীর ফেরী পারাপার রুট বা জলপথ খনন ও রক্ষণাবেক্ষণ (চাঁদপুর ও শরীয়তপুর, লক্ষ্মীপুর ও ভোলা; এবং বেদুরিয়া ও লহরঘাট)

উপাদান-২

- একটি নতুন ঢাকার অদূরে শন্মানঘাট এলাকায় যাত্রী টার্মিনাল, নারায়নগঞ্জ, চাঁদপুর ও বরিশাল-এ তিনটি বিদ্যমান যাত্রী টার্মিনাল পুনর্বাসন / সংস্কার ও উন্নয়ন।

- পানগাঁও একটি নতুন কার্গো টার্মিনাল নির্মাণ ও আশুগঞ্জে একটি বিদ্যমান কার্গো টার্মিনাল পুনর্বাসন / সংস্কার উন্নয়ন।
- চৌদ্দটি ল্যান্ডিং স্টেশন (লঞ্চঘাট) উন্নয়ন ও পুনর্বাসন

তাছাড়া, প্রাতিষ্ঠানিক সামর্থ্য উন্নয়ন, ধারাবাহিক সেক্টর উন্নয়ন, বাজার ব্যবস্থার উন্নয়ন ও নীতি কাঠামো উন্নয়নে লক্ষ্যবস্ত্র অন্যান্য বিভিন্ন কার্যক্রমকে প্রকল্পের তৃতীয় উপাদানে অন্তর্ভুক্ত করে। এ সবার মধ্যে কিছু পরিবেশগত ও সামাজিক সংশ্লিষ্টতা থাকতে পারে যেমন-১) সোনাকান্দা, নাবরায়নগঞ্জে ইঞ্জিন কর্মচারী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি) এবং আইডব্লিউটি ডেকে বিদ্যমান ভবন পুনস্থাপনে সাধারণ পূর্তকর্ম ২) আইডব্লিউটি এর জন্য একটি জেডার কর্মপরিকল্পনা উন্নয়ন এবং জাহাজবহর সবুজায়ন বিষয়ক একটি পরীক্ষামূলক কর্মসূচী এবং গবেষণা, ক্রমাগত খননের জন্য প্রয়োজন কমাতে বিভিন্ন নদী প্রশিক্ষণ প্রযুক্তির ছোট পরিসরে পরীক্ষামূলক, প্রাণীসম্পদের খাবার এবং জৈব গ্যাসের পরীক্ষামূলক পরিকল্পনা জন্য পানির কচুরপানার উন্নয়নসহ আইডব্লিউটি এর পরিবেশগত ও সামাজিক টেকসই বিষয়ক বিভিন্ন কার্যক্রম এবং ৩) আইডব্লিউটি সেটরে জলবায়ু পরিবর্তন নিরসন এবং সুবিধা অবলম্বন বিষয় গবেষণাসহ অতিরিক্ত পানিপথের অগ্রাধিকারের উপর বিনিয়োগ প্রকল্পের সম্ভাব অনুসরণ করে প্রকল্প তৈরী ও গবেষণা।

বাস্তবায়ন কাল : আইডব্লিউটি রুট (জলপথ) উন্নয়ন ড্রেজিং বা খনন কার্য সাত বছর মেয়াদী চুক্তির ভিত্তিতে সম্পন্ন করা হবে। অবকাঠামো সুবিধা যেমন- জাহাজ আশ্রয়, নদী টার্মিনাল এবং ল্যান্ডিং স্টেশন বাস্তবায়নের প্রথম বছরে পরিকল্পনা করা হবে এবং পরবর্তী দুই থেকে তিন বছরে নির্মাণ করা হবে। অন্যান্য কার্যক্রম উপকরণ-৩ অধীনে প্রকল্প বাস্তবায়নের প্রথম ও পরের বছর গুলোতে পরিকল্পনা করা হবে।

২.২ পরিবেশগত ও সামাজিক নির্ধারণ

গবেষণা ও প্রতিবেদন তৈরি : বিআইডব্লিউটিএ এবং নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত বিভিন্ন পরামর্শ টীম দ্বারা আগষ্ট থেকে ডিসেম্বর ২০১৫ এর মধ্যে সংগৃহীত মাঠ জরিপ ও ডাটাসমূহের ভিত্তিতে এ পরিবেশ ও সামাজিক প্রভাব নিরূপনের নির্বাহী সারসংক্ষেপ করা হয়। এ গবেষণা বা জরিপে তিনটি পরিমাণ বা ভলিউমে কাগজপত্র তৈরী করা হয়েছে, ১) পরিবেশগত ও সামাজিক প্রভাব। উপকরণ ১ এর জন্য নির্ধারণ (ইএসআইএ) এবং ২) পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (ইএমএফ)এবং পুনর্বাসন নীতির কাঠামো (আর পি এফ) প্রকল্পের বাকী অংশের জন্য প্রাথমিক উপকরণ ২ কাজসমূহ)। এসকল কাগজপত্র সমূহ আলাদাভাবে প্রকাশ করা হয়েছে এবং বিআইডব্লিউটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে পাশাপাশি বিশ্বব্যাংকের ইনফোশপে প্রকাশ করা হয়েছে এবং প্রকল্প প্রভাবিত জনগনের কাছে প্রবেশযোগ্য অবস্থানে হার্ডকপিতে প্রকাশ করা হবে।


বিদ্যমান ডুকমেন্টস বা দলিলের বিষয়বস্ত্র : অধ্যায় ২ তে প্রযোজ্য বিশ্বব্যাংকের নীতিমালা এবং প্রশাসনিক কাঠামো এবং বাংলাদেশের আইনগত বিবরণীর পর অধ্যায়-৪ তে বিকল্প প্রকল্পের আলোচনা অনুসরণ করে ৩নং অধ্যায়ে একটি প্রকল্পের বিবরণ উপস্থাপন করা হয়। ভৌতিক, জৈবিক এবং অর্থসামাজিক পরিবেশের একটি বিবরণ ৫নং অধ্যায়ে বর্ণনা দেয়া হয়। ৬নং অধ্যায়ে জলবায়ু পরিবর্তনের দিকসমূহ আলোচনা করা হয়েছে। প্রকল্পের সম্ভাব্য প্রতিকূল প্রতিক্রিয়াসমূহ ৭নং উল্লেখ্য করা হয়েছে এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য নদী সম্ভাব্য ক্রমবর্ধমান প্রভাবসমূহ ৮নং অধ্যায়ে উপস্থাপনা করা হয়েছে। প্রকল্পের নেতিবাচক প্রভাবসমূহ হ্রাস করা, বাদে দেয়ার সম্ভাব্য নিরসন পদক্ষেপসমূহ অথবা সম্ভাব্য নেতিবাচক প্রভাবসমূহের ক্ষতিপূরণ ইএমপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে যা ৯নং অধ্যায়ে সংক্ষিপ্ত আকারে প্রকাশ করা হয়েছে। সবশেষে তথ্য প্রকাশ ও প্রবেশাধিকারের জন্য সকল স্ট্যাকহোল্ডার পরামর্শের একটি পরিদর্শন অধ্যায় ১০ প্রদান করে।

২.২. গবেষণা দল গঠন :

ইএসএ কনসালটেন্ট : আন্তর্জাতিক ও জাতীয় বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি নিজ নিজ পর্যায়ে বিশেষজ্ঞ টীম কর্তৃক ইএসএ গবেষণা পরিচালনা করা হয়েছে। উপকরণ ১ এর জন্য ইএসআইএ প্রস্তুতকরনে ইনস্টিটিউট অব ওয়ার্টার মডেলিং (আইডব্লিউএম) প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা হয়েছে। নৌ-পরিবহন মন্ত্রণালয় দুজন স্বাধীন কনসালটেন্ট ডা. ভেনকাটা নুকুলা (পরিবেশ বিশেষজ্ঞ) এবং ডা. বি. কে. ডি. রাজা (সামাজিক বিষয়ক বিশেষজ্ঞ) কে আইডব্লিউএম- টীম ওয়ার্ক পর্যালোচনা ও দিকনির্দেশনা দেয়ার জন্য নিয়োগ করেছে যেভাবে তারা তাদের কাজ পরিচালনা করে, এবং উপকরণ বা উপাদান ২ ও ৩ এবং এ নির্বাহী সারসংক্ষেপের জন্য ইএমএফ ও আর পি এফ প্রস্তুত করতে পরিচালনা করেন।

পরিবেশগত সমীক্ষা দল : জহির হক খান (টীম লিডার), ডা. শেখ মুহাম্মদ আব্দুর রশিদ (নদী পরিবেশবিদ), মোহাম্মদ আনিসুজ্জামান খান (স্থল বিষয়ক পরিবেশ বিদ), মো. মেহেদী হাসান ইমন (পরিবেশগত প্রকৌশলী), রুবায়েদ আলম (নদী বিষয়ক বিশেষজ্ঞ), মোহাম্মদ আব্দুস সালাম সিকদার (উপকূলীয় হাইড্রোলজিস্ট), মোহাম্মদ জিয়াউর রহমান (পলি বিস্তরন বিশেষজ্ঞ), মো. জাহিদুল ইসলাম (কৃষি বিশেষজ্ঞ), ফরহান মো. জহির (কনিষ্ঠ পানি সম্পদ প্রকৌশলী), মুহাম্মদ গোলাম রাসুল (কনিষ্ঠ কৃষি পেশাজীবী), আফরোজা মেহজাবিনন আনন্যা (কনিষ্ঠ ভূ-খন্ড বিষয়ক পরিবেশবিদ) মো. শামসুদ্দিন (কনিষ্ঠ নদী পরিবেশ বিশেষজ্ঞ), মো. জাহিদ হাসান সিদ্দিক (জিআইএস বিশেষজ্ঞ) এবং সৈয়দ মনোয়ার হোসেন (জরিপ বিশেষজ্ঞ/ নাব্যতা বিশেষজ্ঞ) দের সমন্বয়ে গঠিত পরিবেশগত সমীক্ষা দল।

সামাজিক গবেষণা দল : খায়রুল মতিন (জৈষ্ঠ সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞ), মো. রফিকুল ইসলাম (মাধ্যম ও যোগাযোগ বিশেষজ্ঞ), জি. এম. মনঞ্জরুল মজিদ (কনিষ্ঠ সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞ), সুকেন্দ্র নারায়ন চৌধুরী (কনিষ্ঠ সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞ), মো. মুস্তাফিজুর রহমান (কনিষ্ঠ সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞ) এবং এম. হামিদুল ইসলাম (ইংরেজী-বাংলা প্রতিবেদন অনুবাদক)।



চিত্র-১: প্রকল্প এলাকার উন্নয়ন কার্যক্রম সমূহের অবস্থান

৩. নীতি, আইন এবং প্রশাসনিক কাঠামো

৩.১ বাংলাদেশে প্রযোজ্য আইন ও নীতিমালা

১৯৯৫ সালের বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন এবং ২০১০ সালে সংশোধিত আইন :

১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইন (ইসিএ) হচ্ছে বাংলাদেশে পরিবেশ সুরক্ষা বিষয়ক প্রধান আইনগত কাঠামো। পরিবেশ সংরক্ষণ আইন, পরিবেশ মান উন্নয়ন এবং পরিবেশ দূষণ নিরসন এ সুরক্ষা আইন অন্তর্ভুক্ত করে। এ আইন পরিবেশ অধিদপ্তর (ডিওই) প্রতিষ্ঠা করেছে এবং ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণ করতে উহার মহাপরিচালক ক্ষমতা প্রদান করেছে যেভাবে তিনি আবশ্যিক হিসেবে বিবেচনা করেন যা পরিবেশ দূষণ তথ্য প্রকাশ ও সংগ্রহ করা এবং অন্যান্য কর্তৃপক্ষ অথবা সংস্থার সাথে সমন্বয় করে, সরকারকে পরামর্শ করে, সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ করে তদন্ত ও অনুসন্ধান পরিচালনা কে অন্তর্ভুক্ত করে। অধিদপ্তরের মহাপরিচালকের কাছ থেকে কোন পরিবেশ বিষয়ক ছাড়পত্র সনদ (ইসিসি) নিয়ম বিধির দ্বারা নির্দেশিত পন্থায় গ্রহণ করা ব্যতীত কোন শিল্প ইউনিট অথবা প্রকল্প প্রতিষ্ঠা করা যাবে না। এ আইনমতে নিম্নে আলোচ্য ১৯৯৭ সালের পরিবেশ সংরক্ষণ বিধিমালা (ইসিআর) প্রদত্ত প্রক্রিয়াসমূহ অনুসরণ করে প্রকল্প শুরু করার আগে পরিবেশ অধিদপ্তরের এর ছাড়পত্র প্রকল্পটিকে নিতে হবে।

অস্থাবর সম্পত্তি অধ্যাদেশ, ১৯৮২ এর অধিগ্রহণ : বাংলাদেশে ভূমি অধিগ্রহণ পরিচালনার প্রধান আইনগত দলিল হচ্ছে বাংলাদেশে ভূমি শাসন বিষয়ক শাসন সংক্রান্ত প্রাসঙ্গিক ম্যানুয়াল এবং অন্যান্য ভূমি আইন এবং (১৯৯৪ সালের সংশোধনসহ ১৯৮২ সালের অধ্যাদেশ ২) ১৯৮২ সালের অস্থাবর সম্পত্তি অধ্যাদেশ অধিগ্রহণ। অধ্যাদেশমতে বাংলাদেশ সরকারের কাছে যখনই স্থানীয়ভাবে কোন সম্পত্তি সরকারী উদ্দেশ্যে অথবা সরকারী স্বার্থে প্রয়োজন হয় তখনই সরকার তা অধিগ্রহণ করতে পারবে, যদি তা ধর্মীয় উপাসনা, কবরস্থান এবং শশ্মানঘাটের জন্য পাবলিক কর্তৃক ব্যবহৃত কোন সম্পত্তি না হয়। সরকারী বিভাগ যেমন- রেজিস্ট্রার (ভূমি), গনপূর্ত বিভাগ (কাঠামো), বনবিভাগ (গাছপালা), কৃষিবিভাগ (ফসল) এবং মৎস্য বিভাগ (ফিশ স্টক) থেকে প্রাপ্ত রেকর্ডকৃত মূল্য তালিকা ভিত্তিতে সম্পত্তির বাজার মূল্য হিসাব পদ্ধতি আইনে নির্ধারিত হয়। কর পরিশোধ কমাতে স্বত্ব হস্তান্তরের জন্য জনগন জমির মূল্য হ্রাস করে, প্রকৃত বাজার মূল্য বা দরের চেয়ে ব্যাপকভাবে প্রিমিয়াম কম রাখা যা ডিসি কর্তৃক পরিশোধিত জমির ক্ষতিপূরণ পরিশোধ করা হয়।

বাংলাদেশের অন্যান্য প্রাসঙ্গিক আইন ও বিধিমালা : প্রস্তাবিত প্রকল্পের প্রাসঙ্গিক অন্যান্য আইনসমূহ নিম্নে তালিকা করা হলো:

- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (ইসিআর) ১৯৯৭ পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র সনদ প্রদান করা এবং পরিবেশগত মানদণ্ড নির্ধারণের জন্য প্রক্রিয়া, বিভিন্ন শ্রেণীতে প্রকল্প এবং শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাস, পরিবেশগতভাবে জটিল এলাকাসমূহ ঘোষণা করতে জিওবি কে ক্ষমতা প্রদান করে। পরিবেশের উপর প্রভাব এবং তাদের সাইট বিবেচনায় প্রত্যেক শিল্প ইউনিট অথবা প্রকল্পে, পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র সনদ (ইসিসি) প্রদানের উদ্দেশ্যে ১৯৯৭ সালের পরিবেশ সংরক্ষণ বিধিমালার ৭ (১) বিধিমতে, চারটি শ্রেণী ভাগে বিভক্ত করা হবে এবং সেগুলো হচ্ছে : শ্রেণী / বিভাগ-১ (সবুজায়ন), শ্রেণী/ বিভাগ-২ (অরেঞ্জ-এ), শ্রেণী ৩ (অরেঞ্জ বি) এবং শ্রেণী/ বিভাগ ৪ (লাল)। রেড ক্যাটেগরিতে পড়তে উপকরণ-১ এবং টার্মিনাল উপকরণ, অরেঞ্জ বি ক্যাটেগরিতে পড়বে উপকরণ ৩ অন্যান্য পূর্ত কর্ম এবং ল্যান্ডিং স্টেশন উন্নয়ন।
- জাতীয় ওয়ার্টার নীতির ভিত্তিতে ২০১৩ সালের ওয়ার্টার আইন এবং অর্থাভিত উন্নয়ন, ব্যবস্থাপনা, উত্তোলন, বন্টন, ব্যবহার, সুরক্ষা, বাংলাদেশে পানি সম্পদের সংরক্ষণ। প্রকল্পের কার্যক্রম পানির মান প্রভাবিত করবে। পানির মান প্রভাব সম্বোধন করে নিরসন পদক্ষেপসমূহ ইএসআইএ ও ইএমএফ তে পূরণ করা হয়েছে।
- বাংলাদেশ পরিবেশ আদালত আইন, ২০১০ যে কোন উন্নয়ন কার্যক্রমের কারণে উদ্ভূত পরিবেশগত এবং সামাজিক ধ্বংসের উপর বিচার প্রতিষ্ঠা এবং বিরোধ নিষ্পত্তি করতে বিধিবদ্ধ করা হয়েছে। এ আইন অনুসারে সরকার আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে যদি প্রকল্প হস্তক্ষেপ করার কারণে যে কোন পরিবেশগত সমস্যা ঘটে থাকে; বাংলাদেশের বন্যপ্রাণী (সংরক্ষণ) আদেশ (১৯৭৩) এবং আইন (১৯৭৪) শিকার করা, হত্যা করা, ধরা, বন্যপ্রাণীর বাণিজ্য ও রপ্তানী নিয়ন্ত্রণ করে। সুরক্ষিত প্রজাতি এবং গেম প্রাণীদের তালিকা বর্ণনা করে। দেশের বন্যপ্রাণী রক্ষার্থে গেম সংরক্ষণ, বন্যপ্রাণী সুরক্ষা হিসেবে এ সব এলাকা ঘোষণা করতে সরকারকে ইহা ক্ষমতা প্রদান করে।
- মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন (১৯৫০) যা মৎস্য সুরক্ষায় বিধিমালা প্রয়োগে সরকারকে ক্ষমতা প্রদান করে; অস্থায়ী ও স্থায়ীভাবে বাধ, সীমানা, বাধ এবং অন্যান্য কাঠামো নির্মাণ নিয়ন্ত্রণ এবং নির্ধারিত ইঞ্জিন ব্যবহার এবং উত্তোলন নিষিদ্ধ অথবা নিয়ন্ত্রণ করতে ক্ষমতা প্রদান করে। এ আইনে উপকূলীয় এলাকায় বন্দুক, ধনুক, বিস্ফোরক সামগ্রী ব্যবহার করা নিষিদ্ধ যা প্রাণী ও মৎস্য সম্পদ ধ্বংসের হুমকি স্বরূপ, পরিবেশ দূষণ ও বিধাত্মক করে। মাছ ধরার মৌসুম এ আইন নির্ধারণ করে এবং ডিম মৌসুমে মাছ ধরা এ আইনে নিষিদ্ধ। আইন ব্যবস্থা লংঘনের বিষয়টি নির্দিষ্ট অফিসিয়াল কর্তৃপক্ষ অনুসন্ধান করে। প্রকল্প এলাকায় ইলিশ সুরক্ষা ব্যবস্থা রয়েছে এবং প্রভাব এড়াতে নিরসন পদক্ষেপ যা ইএসআইএ এবং ইএমএফে পূরণ করা হয়েছে।
- ১৯২৭ সালের বন আইন (১৯৮৯ সালে সংশোধিত) প্রাইভেট বনের জন্য সীমাবদ্ধ ক্ষমতা এবং সরকারী বন সুরক্ষা এবং সংরক্ষণের জন্য ব্যাপকভাবে সরকারী কিছু মৌলিক ক্ষমতা মঞ্জুর করে। বনায়ন উপযোগী কোন জমির উপর কর্তৃত্ব

বাড়ানোর জন্য ১৯২৭ সালের আইন ভাৰ্ষন ১৯৮৯ সালে সংশোধন করা হয়েছিল। বৃক্ষরোপন ও বনায়নের উপর প্রভাব সম্বোধন করে নিরসন ও প্রতিকার পদক্ষেপসমূহ ইএসআইএ ও ইএমএফতে অন্তর্ভুক্ত করা হয়।

- বাধ ও নর্দমা আইন, ১৯৫২ যা বাধ ও নর্দমা ব্যবস্থাসহ বন্যা, ভাঙ্গন এবং পানির অন্যান্য ধ্বংস থেকে রক্ষার জন্য এবং উন্নত নর্দমার জন্য ওয়ার্টার কোর্স এবং বাঁধ নিয়ন্ত্রন এবং অপসারণ আইন অন্তর্ভুক্ত করে। উহার নিরসন ও প্রতিকার পদক্ষেপসমূহ ইএসআইএ ও ইএমএফতে অন্তর্ভুক্ত করা হয়।
- বাংলাদেশ শ্রমিক আইন ২০০৬ দুর্ঘটনার আহত হওয়ার ক্ষেত্রে ক্ষতিপূরণ পেতে কাজের মানুষের অধিকার অংশ এবং কর্মচারী দায়িত্ব দিকনির্দেশনা করে যা কর্মীর স্বাস্থ্য ও নিরাপত্তা সম্বোধন করে নিরসন ও প্রতিকার পদক্ষেপসমূহ ইএসআইএ ও ইএমএফ অন্তর্ভুক্ত করে।
- অভ্যন্তরীণ নৌপরিবহন অধ্যাদেশ ১৯৭৬ এবং অভ্যন্তরীণ নৌপরিবহন (সংশোধন) আইন ১৯৯০ প্রশাসন, নিবন্ধন, যোগ্যতা এবং দূষণ নিয়ন্ত্রন ইত্যাদি নিয়ে পরিচালনা করে যা জাহাজের দূষণ সম্বোধন করে নিরসন ও প্রতিকার পদক্ষেপসমূহ ইএসআইএ ও ইএমএফ অন্তর্ভুক্ত করে।
- ১৯৯৪ সালের অভ্যন্তরীণ জাহাজ নিরাপত্তার খসড়া বিধিমালা সকল অভ্যন্তরীণ নৌ-পরিবহন, বন্দর, নৌ-সুবিধা থেকে প্রভাব এবং বায়ু নির্গমন, ক্ষতিকারক সামগ্রী ও দ্রব্য নাড়াচাড়া ও গুদামজাতকরণ এবং তরল দ্রব্য ছড়িয়ে পড়া, খনন ও ড্রেজিং এবং খননকৃত পলিমাটি অপসারণের ক্ষেত্রে অভ্যন্তরীণ নৌ-পরিবহন সুরক্ষার কার্যাবলী থেকে প্রভাব নিয়ন্ত্রন করে। নিরসন ও প্রতিকার পদক্ষেপসমূহ ইএসআইএ ও ইএমএফ অন্তর্ভুক্ত করে।
- বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড যা নির্মাণ সংক্রান্ত দায়িত্বসমূহ ঘোষণা করে যা অনুসারে নির্দিষ্ট নির্মাণ সাইটের যথাযথ কর্তৃপক্ষ কাজের মানুষের নিরাপত্তার জন্য সর্তকর্তামূলক পদক্ষেপ গ্রহণ করবে।

প্রাসঙ্গিক জাতীয় নীতিমালা ও পরিকল্পনাসমূহ : প্রস্তাবিত প্রকল্পের প্রাসঙ্গিক জাতীয় নীতিমালা এবং উহার পরিবেশগত এবং সামাজিক নির্ধারণ সংক্ষিপ্ত আকারে নিম্নে বর্ণনা করা হলোঃ

- ব্রোড সেক্টর কর্মদিকনির্দেশনার একটি সেটসহ একত্রে পরিবেশগত কর্মের জন্য মৌলিক কাঠামো ঘোষণা করে বাংলাদেশ জাতীয় পরিবেশ নীতি ১৯৯২। প্রতিকূল পরিবেশগত প্রভাবসমূহ হ্রাসকরণে জোরদার করে, প্রস্তাবিত হস্তক্ষেপসমূহ বিশেষ করে সকল নীতি নির্দেশনা প্রতিপালন প্রয়োজন হয়।
- নাব্য পানিপথ খননকরা, অভ্যন্তরীণ বন্দর সুবিধা ব্যবস্থা এবং নাব্যতা উপকরণসহ, হাইড্রোগ্রাফিক সার্ভে পরিচালনা, জাহাজ উন্নয়ন ইত্যাদিসহ আইডব্লিউটি সেক্টরের সার্বিক উন্নয়নের জন্য অভ্যন্তরীণ নৌ-পরিবহন নীতি (আইডব্লিউটিপি), ২০০৯, প্রস্তাবিত প্রকল্প হস্তক্ষেপ অত্র নীতি রেখায় রয়েছে।
- খনন ও খননকৃত সামগ্রী ব্যবস্থাপনা নীতি ২০১৩। ড্রেজিং বিষয়ে অপ্রকাশিত বা উহ্য সুবিধা হচ্ছে : প্রকল্প প্রণয়ন / খননকৃত সামগ্রীর ড্যাম্পিং করার জন্য অবস্থান ও ড্রেজিং অবস্থান চিহ্নিতকরণের পর প্রকল্প প্রণয়ন করা হবে, প্রবাহমান পানিতে কোন ভাবে খনন সামগ্রী প্রজেক্ট করা যাবে না। তাছাড়া দক্ষিণ ও দক্ষিণপূর্ব অঞ্চলে যেখানে ভাটার প্রভাব অত্যন্ত শক্তিশালী; যথাযথ সমীক্ষা থেকে সুপারিশ সাপেক্ষে নদীতে সামগ্রী নিক্ষেপ ও ফেলা যেতে পারে এবং বর্ষা মৌসুমে, হাইড্রোমরফোলজিক্যাল বিবেচনাসহ যথাযথ গবেষণা থেকে সুপারিশ সাপেক্ষে নদীর প্রবাহ ও শ্রোতে সামগ্রী অপসারণ ও ফেলে দেয়া যেতে পারে। খননকৃত সামগ্রী ব্যবস্থাপনা বিষয়ে, নীতি বলে, কোন কৃষি জমির ক্ষতি / ধ্বংস করা যাবে না। খাল (নালা) সংযোগ বিচ্ছিন্ন নয় ইত্যাদি এবং নীচ ভূমি (সংরক্ষণ আইন ২০০০ অনুসরণ করে) অথবা সরকারী খাস জমি (পতিত জমি); ভরাট অথবা পাইল করে সেরা ব্যবস্থাপনার মাধ্যমে কারিগরি বিবেচনায় অগভীর স্থানে বাঁধ পরিকল্পনা অনুসারে হতে পারে;
- পানি ব্যবস্থাপনা এবং আশাকুল উন্নয়ন নিশ্চিতকরণের জন্য ওয়ার্টার সেক্টরে বড় প্রয়োজে দিকনির্দেশনা প্রদান করা হচ্ছে জাতীয় পানি নীতি (১৯৯৯) এর লক্ষ্য। খনন কার্যক্রম হিসেবে এ নীতি যাবতীয় অনুচ্ছেদ প্রকল্পে প্রযোজ্য যা জলাভ্রমণ প্রাণীর বসবাসের পরিবর্তনসহ পানির মান প্রভাবিত করবে। নীতির প্রাসঙ্গিক অনুচ্ছেদ যথাযথ বিবেচনায় নিয়ে প্রস্তাবিত হস্তক্ষেপসমূহ পরিকল্পনা ও বাস্তবায়ন করা হয়।
- ২৫ বছর মেয়াদে বাংলাদেশের পানি সম্পদসমূহের অখণ্ড উন্নয়ন, ব্যবহার এবং ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিষ্ঠা করতে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০০১ (২০০৪-এ অনুমোদিত), এ নীতির কিছু কর্মসূচী (নদী, পরিবেশ এবং জলাভ্রমণ সম্পদ) প্রকল্পের জন্য প্রযোজ্য;
- ২০০১ সালের বিধিবদ্ধ জাতীয় ভূমি ব্যবহার নীতি, এর লক্ষ্য হচ্ছে নগরায়ন, শিল্পায়ন এবং উন্নয়ন কার্যক্রমের বৈচিত্র্যকরণে ধারাসমূহকে সহায়তা দিতে কার্যকরীভাবে ভূমি ব্যবহার ব্যবস্থাপনা করা। প্রকল্পে নীতিটি প্রযোজ্য যা ভূমি ব্যবহার পরিবর্তন করতে পারে;
- জাতীয় কৃষি নীতি, ১৯৯৯ এর লক্ষ্য হচ্ছে সকলের জন্য নির্ভরযোগ্য ও নিরাপদ খাবার ব্যবস্থা নিশ্চিত করা এবং সকল ফলস উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যে জাতিকে আত্মনির্ভরশীল ও স্বয়ংসম্পূর্ণ করে তোলা। জলাভ্রমণ এবং লবন আক্রান্ত এলাকায় চাষাবাদের জন্য উন্নত প্রজাতি এবং প্রযুক্তি উন্নয়ন গবেষণার উপর এ নীতি বিশেষ করে যান্ত্রিক শক্তি প্রয়োগ করে। এ নীতি স্বীকার করে যে, জলাভ্রমণ ও লবনাক্ত অবস্থা কমাতে যথেষ্ট পদক্ষেপ গ্রহণ করা উচিত এবং এ নীতি ফসল উৎপাদনের জন্য সেচ সুবিধা প্রদান করে;

- সমুদ্র উপকূলীয় অঞ্চল নীতি, ২০০৫ সাধারণ দিকনির্দেশনা প্রদান করে যাতে প্রাকৃতিক পরিবেশ অখণ্ডতা বিচ্ছিন্ন ও বিভক্ত করা ছাড়া টেকসইযোগ্য পন্থায় নিরাপদ অবস্থায় তাদের জীবন জীবিকা সমুহ উপকূলীয় জনসংখ্যা অনুসন্ধান করতে পারে। ইএসআইএ এবং ইএমএফ এর মধ্যে পানির মান এবং বেনতিক হ্যাবিট্যাটের উপর প্রভাব সম্বোধন করে প্রতিকার পদক্ষেপসমূহ অন্তর্ভুক্ত করা হয়।
- জাতীয় মৎস্য চাষ নীতি ১৯৯৬, মৎস্য চাষ এবং নৌ-মৎস্য চাষ উন্নয়নের উপর নিম্নলিখিত বিষয়গুলো আলোকপাত করে ১) প্রাকৃতিক পানিতে এবং নৌ-পরিবেশে জীব বৈচিত্র রক্ষণাবেক্ষণ করা, ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য চিংড়ি খামারে পরিবেশে ব্যবহার করা হবে না, ৩) চিংড়ির বন্ধুভাবাপন্ন প্রযুক্তি ব্যবহার, ৪) মৎস্য চাষ এলাকা বৃদ্ধি করা, এবং ধান, মাছ ও চিংড়ি ছাসা একসাথে করা; ৫) কার্যক্রমের বিপরীতে নিয়ন্ত্রন পদক্ষেপ অঙ্গীকার যা মৎস্য সম্পদের উপর নেতিবাচক প্রভাব এবং বিপরীত শব্দ এবং ৬) যে কোন অব্যবস্থাপনা শিল্প বর্জ্য পানিতে অপসারণ বন্ধ করতে আইন প্রণয়ন করা।

বাংলাদেশের স্বাক্ষরিত আন্তর্জাতিক চুক্তিসমূহ : বাংলাদেশ কিছু সন্ধি, সম্মেলন, ঘোষণা এবং খসড়া চুক্তি বিষয়ে আন্তর্জাতিক পরিবেশের একজন স্বাক্ষরকারী। নিম্নলিখিত বিষয়সমূহ হচ্ছে আন্তর্জাতিক সন্ধিচুক্তি ও সম্মেলন এবং বাংলাদেশ হচ্ছে একটি পক্ষ :

- বর্জ্য ও অন্যান্য দ্রব্য বস্ত্র স্ত্রপ করার মাধ্যমে সামগ্রিক দূষণ প্রতিরোধে লন্ডন সম্মেলন, ১৯৭২ (লন্ডন সম্মেলন)। সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে বর্জ্য ও অন্যান্য পদার্থ (তেল, নোক্রিয়াস লিকুইড, ক্ষতিকারক পদার্থ, দ্রব্য, পয়ঃপ্রণালী, বর্জ্য, বায়ু) ইত্যাদি ড্যাম্পিং করার মাধ্যমে সামগ্রিক দূষণ প্রতিরোধে সকল বাস্তব পদক্ষেপ গ্রহণকরা, যা মানুষের স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টি করে, জীব সম্পদ ও সামগ্রিক জীবনের ক্ষতিকারক, সমুদ্রের অন্যান্য বৈধ ব্যবহারকারীর সুযোগ-সুবিধা নষ্ট ও ধ্বংস করে।
- জাহাজের দূষণ প্রতিরোধে আন্তর্জাতিক সম্মেলন (এমএআরপিওএল) ১৯৭৩/১৯৭৮। সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে হচ্ছে তেল অপারেশনাল ডিসচার্জ এবং অন্যান্য ক্ষতিকারক দ্রব্য এবং এ ধরনের দ্রব্য দূর্ঘটনাক্রমে খালাস ও অপসারণ কমানোর মাধ্যমে সামগ্রিক পরিবেশের দূষণ প্রতিরোধ করা, জৈব বৈচিত্র্যের উপর সম্মেলন, রিও ডে জেনারিও (১৯৯২);
- জলবায়ু পরিবর্তন, রিও ডি জেনাইরিও (১৯৯২) এর উপর জাতি সংঘের কাঠামো সম্মেলন, প্রকল্প নির্মাণ ও পরিচালনা কার্যক্রমের কারণে সম্মেলন ব্যাপকভাবে প্রযোজ্য। ইএসআইএ ও ইএমএফ এর মধ্যে গ্রীন হাউজ গ্যাস নির্গমন সম্বোধন করতে প্রতিকার ও নিরসন পদক্ষেপ সমূহ পূরণ করা হয়।
- ওজন লেয়ার, মন্ট্রিয়াল (১৯৮৭) সুরক্ষার ভিয়েনা সম্মেলন। ইএসআইএ ও ইএমএফ এর মধ্যে গ্রীনহাউজ গ্যাস নির্গমন সম্বোধন করে নিরসন পদক্ষেপসমূহ পূরণ করা হয়।
- আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ ওয়েটল্যান্ডস সম্মেলন বিশেষ করে ওয়াটারফল প্রাণী, রামসার (১৯৭১) হিসেবে এবং উহার সংশোধনমূলক খসড়া চুক্তি, প্যারিস (১৯৮২)। অন্য দেশ থেকে আসা পাখিদের উপর প্রভাব সম্বোধন করতে নিরসন পদক্ষেপ এবং বিদেশী পাখিদের প্রকল্প এলাকা পরিদর্শন ইএসআইএ ও ইএমএফ এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়।
- বিদেশ থেকে আসা বন্য প্রজাতির প্রাণী (১৯৭৯) সংরক্ষণের উপর সম্মেলন। অতিথি পাখিরা প্রকল্প এলাকা পরিদর্শন করে এবং দেশান্তরি পাখিদের উপর প্রভাব সম্বোধন করে নিরসন পদক্ষেপ যা এএসআইএ ও ইএমএফ এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়।
- ফাউনা ও ফ্লোরা (সাইটস), ওয়াসিংটন (১৯৭৩) নামক এক ধরনের বিপন্ন বন্য প্রজাতি প্রাণীর আন্তর্জাতিক বাণিজ্যের উপর সম্মেলন এবং এটা সরাসরি ও প্রত্যক্ষভাবে প্রকল্পে প্রাসঙ্গিক নয় যেহেতু বন্য ফাউনা ও ফ্লোরা নামক বিপন্ন প্রজাতি কোন আন্তর্জাতিক বাণিজ্যে প্রকল্পটি অন্তর্ভুক্ত করে না। সাধারণ নিষেধাজ্ঞা পরিবেশ বিষয়ক ব্যবহার বিধিতে অন্তর্ভুক্ত করা হয়েছে;
- বিশ্ব সংস্কৃতি এবং প্রাকৃতিক ঐতিহ্য (বিশ্ব ঐতিহ্য সম্মেলন) (১৯৭২) রক্ষার সম্মেলন। যদিও প্রত্যক্ষভাবে প্রকল্পে প্রযোজ্য নয় যেহেতু প্রকল্প এলাকায় এ ধরনের সাইট বা স্থান অবস্থিত ও পরিচিত নয়- সুযোগ অনুসন্ধান সম্বোধন পদক্ষেপ ও ব্যবস্থাসমূহ ইএমএফ এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয় ; এবং
- জলবায়ু পরিবর্তনে কিওটো খসড়া চুক্তি (১৯৯৭) এবং কোপেহ্যাগেন একোর্ড (২০০৯)। প্রকল্প কার্যক্রম থেকে গ্রীনহাউজ গ্যাস নিগর্মন সম্বোধনে নিরসন ব্যবস্থা ও পদক্ষেপ সমূহ ইএমএফ এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩.২ পরিবেশ সংক্রান্ত প্রক্রিয়া

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালামতে, নদ খনন রক্ষণাবেক্ষণকে রেড ক্যাটাগরি হিসেবে পরিকল্পনা করা হয় এবং অতঃপর একটি ইআইএ প্রস্তুত ও প্রণয়ন করতে হবে। এসব শ্রেণীর মধ্যে কোন নদী বন্দর ও ল্যান্ডিং স্টেশনের নির্মাণকে অন্তর্ভুক্ত করা হয়নি। যাহোক, উকরন-২ তে উপ-প্রকল্পে অন্তর্ভুক্ত কর্মপরিধি বিবেচনা করে বিবেচনা করা যেতে পারে যে, টার্মিনাল উন্নয়নে উপকরন 'রেড ক্যাটাগরি'র মধ্যে পড়বে এবং ল্যান্ডিং স্টেশন উন্নয়নের অন্যান্য উপকরনসমূহ অ্যারেঞ্জ বি ক্যাটাগরি'র মধ্যে পড়বে। উপকরন ও পানির কচুরপানার জৈবগ্যাস প্রকল্প এবং নদী প্রশিক্ষণ কাজের উপর ছোট পরিমাপের পরীক্ষামূলক প্রকল্প অ্যারেঞ্জ বি ক্যাটাগরিতে পড়ার আশাও করা যাচ্ছে, প্রকল্প বাস্তবায়নের সময় এটা নিশ্চিত করা হবে যখন এসব উপকরনসমূহ সম্পূর্ণভাবে চিহ্নিত করা হয়।

ইআইএ অনুমোদন : প্রস্তাবিত ইউনিট অথবা প্রকল্পের বিভিন্ন ধরনের জন্য পরিবেশ বিভাগ থেকে পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র সনদ (ইসিসি) লাভের জন্য প্রক্রিয়াসমূহকে ইইসআর'৯৭ বর্ণনা করে। শিল্প ইউনিট অথবা প্রকল্প প্রতিষ্ঠা করতে আগ্রহী ব্যক্তি অথবা প্রতিষ্ঠানকে মহাপরিচালকের কাছ থেকে ইসিসি গ্রহণ করতে হবে। নির্ধারিত ফরম সম্পূর্ণকরণ ও প্রযোজ্য ফি পরিশোধসহ রেড

ক্যাটাগরি প্রকল্প ভিত্তিতে এবং অ্যাঞ্জে বি ক্যাটাগরি প্রকল্পের জন্য আইইই ভিত্তিতে সনদপত্র প্রদান করা হয়। রেড ও অ্যাঞ্জে ক্যাটাগরি উভয় ক্ষেত্রে এ ধরনের সনদপত্রের মেয়াদ একবছর পর্যন্ত এবং মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ৩০ দিন আগে সনদপত্রের নবায়ন বাধ্যতামূলক।

৩.৩ বিশ্বব্যাংকের রক্ষাকবচ নীতিসমূহ

বিশ্বব্যাংকের পরিবেশ সংক্রান্ত এবং প্রকল্পের যথাযথ সামাজিক রক্ষাকবচ নীতিমালা নিম্নলিখিত বিষয়সমূহকে অন্তর্ভুক্ত করেঃ

পরিবেশ সংক্রান্ত নির্ধারণ (ওপি ৪.০১) : প্রকল্পটিকে শ্রেণী-এ ভাগে বিভক্ত করা হয়েছে, নদী খনন এবং পানিপ্রবাহ ধারার নির্মাণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কিছু সম্ভাব্য প্রভাব তাৎপর্যপূর্ণ ও ভিন্ন হতে পারে। নিশ্চিত করার উদ্দেশ্যে ব্যাংক অর্থায়নের জন্য প্রস্তাবিত 'এ' বিভাগের সকল প্রকল্পের জন্য পরিবেশগত ও সামাজিক নির্ধারণ বিশ্বব্যাংকের প্রয়োজন হয় যে, এসব প্রকল্প পরিবেশ ও সামাজিকভাবে উপযুক্ত ও টেকসইযোগ্য। পরিচালনা নীতি (ওপি) ৪.০১ এর শর্ত মোতাবেক উপকরণ ১ কাজের জন্য একটি পূর্ণ ইএসআইএ পরিচালনা করা হয়েছে। অনুরূপভাবে, উপকরণ-২ কাজের জন্য, একটি পূর্ণ ইএসআইএ ইএমএফ ও আর পি এফ ডকুমেন্টস বা দলিল মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সময় পরিচালনা করা হবে। এ নীতি অনুসারে উপযুক্ত এবং প্রয়োজনীয় নির্ধারণ, স্ট্যাকহোল্ডার পরামর্শ প্রতিষ্ঠান এবং ব্যবস্থাপনার শর্তসমূহ চিহ্নিত করলে উপকরণ ৩ এর জন্য, প্রকল্পের মধ্য দিয়ে যে কোন ভৌতিক কার্যক্রম পরিচালনা করতে পরিবেশ সংক্রান্ত এবং সামাজিক বাছাই করা হবে।

প্রাকৃতিক নিবাস (ও.পি.৪.০৪)ঃ মেঘনা নদীর ব্যবস্থা এবং জলমগ্ন এলাকা জলজ প্রাণী এবং স্থলজ জীব বৈচিত্রের সম্পদ প্রদান করে। জটিল প্রাকৃতিক নিবাসের কোন ক্ষতি না থাকলে অথবা স্থায়ী ক্ষতির না থাকলে প্রাকৃতিক নদী এলাকা এবং জলমগ্ন নিবাস বা এলাকায় প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রম পরিকল্পনা এবং অত্র নীতির অধীনে বাস্তবায়ন করা যাবে। এ পরিকল্পনা অধীনে, নিবাস উদ্ধার এবং বৃদ্ধির পদক্ষেপ এবং চলমান পরিবেশ সংক্রান্ত মনিটরিং এ নীতি অনুসারে প্রতিকূল প্রভাব নিরসন ও ক্ষতিপূরণ করতে প্রকল্পে অন্তর্ভুক্ত করা হবে। জটিলবিহীন সংবেদনশীল এলাকায় খনন ধ্বংস জমা স্থানসমূহ নিষিদ্ধ করা হবে এবং পরিকল্পনায় বিস্তারিত বর্ণিত প্রভাব ব্যবস্থাপনা এবং খনন করার জন্য অন্যান্য বিধিমালা নিশ্চিত করতে কার্যকর করা হবে যে, প্রাকৃতিক নিবাসে সকল সম্ভাব্য প্রভাবের জন্য উপযুক্তভাবে উপশম পদসোপান প্রয়োগ করা হবে।

ভৌতিক সাংস্কৃতিক সম্পদসমূহ (ওপি ৪.১১)ঃ প্রকল্পের জন্য পরিবেশগত ও সামাজিক নিধারণী গবেষণার অংশ হিসেবে, প্রকল্পের প্রভাবিত এলাকায় যে কোন ভৌতিক সাংস্কৃতিক সম্পদ (পিসিআর) চিহ্নিত ও সনাক্তকরণে প্রতিষ্ঠানিক পরামর্শসহ একটি পূর্ণ ভিত্তি সীমা নির্ধারণী পরিচালনা করা হয়েছে। যদিও উপ প্রকল্প সাইটে কোন চিহ্নিত পিসিআর অবস্থান নাই তারপরও প্রত্যক্ষ ও সরাসরি প্রভাবিত হওয়ার সম্ভাবনা থাকে অথবা প্রস্তাবিত কাজের দ্বারা স্থানচ্যুত হওয়ার সম্ভাবনা থাকে, শশ্মানঘাট ও পানগাঁও বন্দর উন্নয়ন মুসলিম কবর স্থান এবং হিন্দু শশ্মানঘাটকে ক্ষতিগ্রস্ত করতে পারে। এ স্থানে বিকল্প ব্যবস্থা করা প্রয়োজন। তাছাড়া সকল কর্মকান্ডের কার্যক্রমের জন্য ইএমপিতে সুযোগ অনুসন্ধান প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করবে।

অনিচ্ছাকৃত পুননিষ্পত্তি (ওপি ৪.১২) : এ প্রকল্পের প্রয়োজন ভূমি অধিগ্রহণ, সেই সাথে বাসস্থান এবং জাহাজ আশ্রয় নির্মাণের ব্যবসা, নদী টার্মিনাল এবং ল্যান্ডিং স্টেশন। আরপিএফ অনুসারে বাস্তবায়নের সময় একটি পুননিষ্পত্তিমূলক কর্মপরিকল্পনা প্রস্তুত ও প্রণয়ন করা হবে।

বনায়ন (ওপি ৪.৩৬) : যেহেতু প্রকল্প প্রভাবিত এলাকার কাছে কিছু আশ্রয়ন এবং সামাজিক বন গাছপালা অবস্থিত তাই এ নীতিটি প্রয়োগ ও ব্যবহার করা হয়েছে। যদিও প্রস্তাবিত প্রকল্পটি এ সব বনায়নের কোন কিছুকে প্রত্যক্ষ ও সরাসরিভাবে ক্ষতিগ্রস্ত করবে না। এসব স্থানসমূহে খনন ও খননকৃত সামগ্রীর স্থাপন করা হবে না।

আন্তর্জাতিক পানি পথ (ওপি ৭.৫০) : এ নীতি জুড়ে দেয়া হয়েছে যেহেতু মেঘনা নদী যেখানে সকল প্রকল্পের হস্তক্ষেপসমূহ ঘটবে, যা ভারতের সাথে আন্তর্জাতিক পানিপথের ভাগাভাগি রয়েছে। বাংলাদেশ হচ্ছে নিম্নপ্রবাহের রিপ্যারিয়ান ফলে পানি প্রবাহের মান ও পরিমাণ পরিবর্তনে প্রস্তাবিত প্রকল্পটিকে প্রত্যাশা করা হয় না এবং প্রতিকূলভাবে ভারতকে প্রভাবিত করতে পারে। তাছাড়া এ নীতির সাথে সঙ্গতি রেখে ভারতে একটি রিপ্যারিয়ান প্রজ্ঞাপন প্রদান করা হয়েছে।

তথ্য প্রবেশাধিকার : তথ্য প্রকাশ ও শেয়ারিং করার জন্য এ নীতি ব্যাংকের শর্তসমূহ ঘোষণা করে। উন্নয়ন কার্যকারিতা এবং দরিদ্র হ্রাস উন্নয়নকরার জন্য উহার কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতায় ব্যাংকের প্রতিশ্রুতিকে এ নীতি পুনঘোষণা করে। স্থানীয় জনগোষ্ঠী ও স্ট্যাক হোল্ডারদের নিয়ে তাদের সাথে শেয়ারিং করা সহ বিআইডব্লিউটিএতে নির্বাহী সারক্ষেপ প্রকাশ করা হয়েছে। এই প্রতিবেদনসমূহ বাংলাদেশ ব্যাংকের ইনফোসোপোতেও প্রকাশ করা হয়েছে। এ নির্বাহী সারক্ষেপটি বাংলা ভাষায় অনুবাদ করা হবে এবং এবং বিআইডব্লিউটিএ ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিদ্যমান টার্মিনালে বিআইডব্লিউটিএ অফিসে স্থানীয়ভাবে পাওয়া যাবে।

পরিবেশগত স্বাস্থ্য এবং নিরাপত্তার দিকনির্দেশনাসমূহ : বিশ্বব্যাংক গ্রুপ (ডব্লিউবিজি) পরিবেশ, স্বাস্থ্য এবং নিরাপত্তা (ইএইচএস) সাধারণ দিকনির্দেশনা (২০০৭)এর মধ্যে পারফরম্যান্স লেভেল এবং শিল্প প্রকল্পসমূহ উন্নয়নের পদক্ষেপসমূহ অন্তর্ভুক্ত যা প্রচলিত বিদ্যমান প্রযুক্তির মাধ্যমে উপযুক্ত খরচে অর্জনযোগ্য নতুন সুবিধাসমূহ বিবেচনা করা হয়। এসব দিকনির্দেশনাসমূহ প্রকল্পে প্রয়োগ করে

বিশেষ করে বায়ু নিগমন, পারিপার্শ্বিক বায়ু এবং শব্দ ও কোলাহলের গুণ মান, ময়লা পানির মান, ঝুঁকিপূর্ণ সামগ্রী এবং বর্জ্য ব্যবস্থাপনা এবং পেশাগত ও জনগোষ্ঠীর স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থাপনার বিষয়ে এসব দিকনির্দেশনাসমূহ প্রকল্পে প্রয়োগ করে। বন্দর, সমুদ্রী তীর এবং টার্মিনালের জন্য ইএইচএস দিকনির্দেশনাসমূহ এবং নৌ-পরিবহনের ক্ষেত্রে ইএইচ এস দিকনির্দেশনাসমূহ প্রকল্পের জন্য প্রযোজ্য।

বিশ্বব্যাংকের পরিবেশগত ও সামাজিক নীতিমালাসমূহ প্রকল্পে প্রযোজ্য নয় যা নিম্নে দেয়া হলঃ

কীট ব্যবস্থাপনা (ওপি ৪.০৯) : এ নীতি জুড়ে দেয়া হয়নি যেহেতু প্রকল্পের কোন উপ-সরঞ্জামাদি কোন কীটনাশক সংগ্রহ করবে না, অথবা কীটনামক ব্যবহার বৃদ্ধি করবে না। ভূমিতে খননকৃত সামগ্রীর স্থাপন সাইটের স্থাপন মশা, পোকা প্রজাতি এবং পাখিকে আকর্ষণ করতে পারে। এটা অস্থায়ী সমস্যা হতে পারে যেহেতু খননকৃত সামগ্রী বেনেফিকাউল ব্যবহারের জন্য পুনস্থাপন করা হবে এবং অতঃপর কোন কীট ব্যবস্থাপনার প্রয়োজন হবে না।

প্রকল্প প্রভাবিত এলাকায় বসবাসরত কোন প্রতিবেশী বা স্থানীয় জনগোষ্ঠী না থাকায় এ ওপি প্রকাশ ও উপস্থাপন করা হয়নি।

বাঁধ নিরাপত্তা (ওপি ৪.৩৭) : বাঁধ নিরাপত্তা নীতি কার্যকর ও প্রকাশ করা হয়নি যেহেতু কোন বাঁধ প্রকল্পের অধীনে অন্তর্ভুক্ত নাই, অথবা বিদ্যমান বাঁধের উপর নির্ভর করে আইডল্লিউটি উন্নয়ন এবং নদী টার্মিনাল প্রস্তাব করা হবে না।

বিরোধপূর্ণ এলাকায় প্রকল্প (ওপি ৭.৬০) : এ নীতি প্রযোজ্য নয়, যেহেতু প্রকল্পটি কোন বিরোধপূর্ণ ভূ-খন্ডের কাছে অবস্থিত নয়।

৩.৪ বাংলাদেশের আইন এবং বিশ্বব্যাংকের নীতিমালা প্রতিপালন পর্যালোচনা

বাংলাদেশের আইন সহ প্রকল্পের বর্তমান প্রতিপালন পর্যালোচনা ও বিশ্বব্যাংকের রক্ষাকবচ নীতিমালা সারণী-২ তে উল্লিখিত করা হয়েছে।

সারণী-২ : জিওবি আইন ও বিশ্বব্যাংকের রক্ষাকবচ নীতিমালাসহ প্রকল্পের প্রতিপালন

| | আইন / নীতি | প্রতিপালন ব্যবস্থা |
|---------------------------|----------------------------------|---|
| বাংলাদেশ সরকারের শর্তসমূহ | পরিবেশ সংরক্ষণ আইন | বিআইডল্লিউটি উপাদান ১ এর ইএসআইএ প্রতিবেদন দাখিল করবেন এবং পরিবেশ সংক্রান্ত ছাড়পত্রের জন্য ডিওই বরাবরে উপাদান ২ ও ৩ এর জন্য ইএসআইএ প্রতিবেদন তৈরী করবেন। |
